রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, সেপ্টেম্বর ৩০, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**

**পরিকল্পনা শাখা-৩**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ০৭ আশ্বিন ১৪২২ বঙ্গাব্দ/২২ সেপ্টেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

**নং ২৫.০৩২.১৪.০০.০০.০০৯.২০১৫/২৩৫**—Town Improvement Act, 1953 (E.B Act XIII of 1963), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 73 এ প্রদত্ত ক্ষমতাবলে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর এখতিয়ারাধীন ১৫২৮ বর্গকিলোমিটার (৫৯০ বর্গমাইল) এলাকায় ডিটেইল্ড এরিয়া প্ল্যান (DAP) প্রণয়নের কাজ সম্পন্ন করা হয়, যা মন্ত্রিসভার অনুমোদনক্রমে এসআরও নং ২৩২-আইন/২০১০ তারিখ ২২ জুন, ২০১০ মূলে সরকার কর্তৃক গেজেট প্রজ্ঞাপন হিসেবে প্রকাশিত হয় ;

০২. অতঃপর মন্ত্রিপরিষদ বিভাগের গেজেট প্রজ্ঞাপন নং ০৪.৬১১.০০৬.০০.০০.০১০.২০১০-১১৯, তারিখ ২৮ জুন ২০১০ এর মাধ্যমে রাজউক কর্তৃক প্রণীত ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) আরও বিশদভাবে পর্যালোচনাক্রমে চূড়ান্তকরণের নিমিত্ত মন্ত্রিসভা কমিটি গঠন করা হয় এবং মন্ত্রিপরিষদ বিভাগের গেজেট প্রজ্ঞাপন নং ০৪.৬১১.০০৬.০০.০০.০১০.২০১০-৬৪, তারিখ ০১ এপ্রিল ২০১৪ এর মাধ্যমে উক্ত মন্ত্রিসভা কমিটি পুনর্গঠন করা হয় ;

০৩. পুনর্গঠিত মন্ত্রিসভা কমিটির গত ০৪ জুন ২০১৪ তারিখে অনুষ্ঠিত ৪র্থ সভায় গৃহীত ৮.১১ নং সিদ্ধান্ত অনুযায়ী গাজীপুর জেলার টংগী থানার কাকিল সাতাইস মৌজায় তুরাগ নদীর উত্তর পার্শ্বে অবস্থিত ৫০ একর জমিতে প্রত্যাশা সমবায় সমিতির প্রস্তাবিত প্রত্যাশা আবাসন প্রকল্পের ভূমি ব্যবহার শ্রেণি নিম্নলিখিত শর্তে আরবান রেসিডেনসিয়াল জোন হিসাবে পরিবর্তনের আবেদন অনুমোদন করা হয়, যা এতদ্বারা প্রকাশ করা হলো ঃ

**শর্তসমূহ ঃ**

(ক) আবাসন প্রকল্পের Water Modeling করে এবং সে অনুযায়ী প্রকল্প এলাকায় বৃষ্টি বা বন্যার পানি দ্রুত অপসারণসহ পানি নিষ্কাশনের সুবিধা নিশ্চিত করতে হবে ; এবং

(খ) ETP প্ল্যান্ট স্থাপন করতে হবে।



**মূল্য ঃ** টাকা ৪.০০

০৪. উল্লেখ্য, ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) এ চিহ্নিত উল্লিখিত আবাসন প্রকল্পের ভূমির তফসিল ও নকশা রাজউক এর পরিকল্পনা শাখায় সংরক্ষিত আছে। উল্লিখিত ভূমির শ্রেণি পরিবর্তনের বিষয়ে জমির দাগভিত্তিক অবস্থান রাজউক পরীক্ষা-নিরীক্ষা করে বিধি-বিধানের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং উল্লিখিত শর্ত প্রতিপালনের বিষয়টি নিশ্চিত করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজরুল ইসলাম**

সিনিয়র সহকারী প্রধান।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd